

🗏 আল-ফুরকান | Al-Furgan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫: ২৪

💵 আরবি মূল আয়াত:

🗚 আনুবাদসমূহ:

সেদিন জান্নাতবাসীরা বাসস্থান হিসেবে উত্তম এবং বিশ্রামস্থল হিসেবে উৎকৃষ্ট অবস্থায় থাকবে। — আল-বায়ান সেদিন জান্নাতবাসীরা স্থায়ী বাসস্থান হিসেবে উত্তম আর বিশ্রামস্থল হিসেবে উৎকৃষ্ট অবস্থায় থাকবে। — তাইসিরুল সেদিন জান্নাতবাসীদের বাসস্থান হবে উৎকৃষ্ট এবং বিশ্রামস্থল হবে মনোরম। — মুজিবুর রহমান

The companions of Paradise, that Day, are [in] a better settlement and better resting place. — Sahih International

২৪. সেদিন জান্নাতবাসীদের বাসস্থান হবে উৎকৃষ্ট এবং বিশ্রামস্থল হবে মনোরম।(১)

(১) قيلولة শব্দের অর্থ হলো স্বতন্ত্র আবাসস্থল। مقيل শব্দটি قيلولة থেকে উদ্ভূত- এর অর্থ দুপুরে বিশ্রাম করার স্থান। অর্থাৎ হাশরের ময়দানে জান্নাতের হকদার লোকদের সাথে অপরাধীদের থেকে ভিন্নতর ব্যবহার করা হবে। তাদের সম্মানের সাথে বসানো হবে। হাশরের দিনের কঠিন দুপুর কাটাবার জন্য তাদের আরাম করার জায়গা দেয়া হবে। সেদিনের সব রকমের কষ্ট ও কঠোরতা হবে অপরাধীদের জন্য। সৎকর্মশীলদের জন্য নয়। [দেখুন: আদওয়াউল বায়ান, বাগভী]

তাফসীরে জাকারিয়া

(২৪) সেদিন জান্নাতবাসীদের বাসস্থান হবে উৎকৃষ্ট এবং বিশ্রামস্থল হবে মনোরম। [1]

[1] কেউ কেউ এখান হতে দলীল গ্রহণ করেছেন যে, মু'মিনদের জন্য কিয়ামতের সেই ভীষণ দিন এত সংক্ষিপ্ত ও তাদের হিসাব এত সহজ হবে যে, অল্প সময়ের মধ্যে তারা হিসাব থেকে অবসর পেয়ে যাবে। যেমন হাদীসে এসেছে যে, মু'মিনদের জন্য এ দিন এত সংক্ষিপ্ত হবে, যেমন পৃথিবীতে যোহর থেকে আসর পর্যন্ত সময়। (সহীহুল জামে' ৮১৯৩নং)

তাফসীরে আহসানুল বায়ান





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন